

**স্কুল-কলেজ পরিচালনা কমিটি
এমপি প্রার্থী ও তাদের
মনোনীতরা সভায়
থাকতে পারবেন না**

■ সমকাল প্রতিবেদক
এমপি পদে নির্বাচনে অংশগ্রহণকারী
প্রার্থী বা তার মনোনীত ব্যক্তি
বেসরকারি স্কুল-কলেজের পরিচালনা
কমিটির সভায় সভাপতিত্ব করতে
অথবা অংশ নিতে পারবেন না।
রোববার এ-সংক্রান্ত প্রজ্ঞাপন জারি
করেছে শিক্ষা মন্ত্রণালয়।

শিক্ষা সচিব ড. কামাল আবদুল
নাসের চৌধুরী স্বাক্ষরিত এ প্রজ্ঞাপনে
খলা হয়, নির্বাচন কমিশনের আদেশ
বলবৎ থাকায় যেসব শিক্ষা
প্রতিষ্ঠানের সভাপতি বা সদস্য দপ্তর
জাতীয় সংসদ নির্বাচনে প্রার্থী
হয়েছেন, তিনি বা তার মনোনীত
ব্যক্তি ওইসব শিক্ষা প্রতিষ্ঠানের
কোনো সভায় বা কর্মকাণ্ডে অংশগ্রহণ
করতে পারবেন না। তাদের স্থলে
বর্তমানে সর্বশ্রেষ্ঠ এপারকার বিভাগীয়
কমিশনার/জেলা প্রশাসক/উপজেলা
নির্বাহী কর্মকর্তা সেসব প্রতিষ্ঠানের
সার্বিক কর্মকাণ্ড ওদায়কিসহ শিক্ষক-
কর্মচারীদের বেতন-ভাতাদির বিদ্যে
স্বাক্ষর/প্রতিশ্রুত করবেন।